



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
BANGLADESH OPEN UNIVERSITY

ওপেন স্কুল

গাজীপুর-১৭০৫



‘দুর্যোগ ব্যবস্থাপনা’ বিষয়ে মাস্টার্স (স্নাতকোত্তর)

Master of Disaster Management (MDM)

ভর্তি বিজ্ঞপ্তি

৪র্থ ব্যাচ, জানুয়ারি ২০২৬

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ওপেন স্কুল পরিচালিত মাস্টার অব ডিজাস্টার ম্যানেজমেন্ট (দুর্যোগ ব্যবস্থাপনা) ৪র্থ ব্যাচ, জানুয়ারি ২০২৬ হতে ভর্তি কার্যক্রম আগামী ২৪/০৯/২০২৫ তারিখ থেকে শুরু হবে। শিক্ষার্থীদের ক্লাস অনলাইন অনুষ্ঠিত হবে। প্রতিটি শুক্র ও শনিবার টিউটোরিয়াল ক্লাস অনুষ্ঠিত হবে। শিক্ষাগত যোগ্যতার শর্ত পূরণকারী যেকোনো শিক্ষার্থী আবেদন করতে পারবেন।

বৈশিষ্ট্যসমূহ:

- ০২ (দুই) বছর মেয়াদি ০৪ সিমেন্টারে (প্রতি সিমেন্টার ০৬ মাস) মোট ১৬টি কোর্স (৬৪ ক্রেডিট) সম্পন্ন করতে হবে।
- এমডিএম প্রোগ্রামের রেজিস্ট্রেশনের মেয়াদ ০৫ (পাঁচ) বছর পর্যন্ত বহাল থাকবে। এ সময়ের মধ্যে শিক্ষার্থী প্রোগ্রামটি সম্পন্ন করার সুযোগ পাবে।

আবেদনের যোগ্যতা:

- মানবিক, সামাজিক বিজ্ঞান, বিজ্ঞান, ব্যবসায় শিক্ষাসহ যে কোনো বিষয়ে স্বীকৃত বিশ্ববিদ্যালয়/কলেজ থেকে ৩/৪ বছর মেয়াদি স্নাতক অথবা সমমানের ডিগ্রি অথবা স্নাতকোত্তর ডিগ্রিধারী শিক্ষার্থীগণ এমডিএম প্রোগ্রামে ভর্তির যোগ্য বলে বিবেচিত হবেন।

ভর্তি সংক্রান্ত তথ্য:

- শুধুমাত্র Online-এ আবেদন করা যাবে : <https://osapsnew.bou.ac.bd>
- অনলাইনে আবেদনের সময় : ২৪ সেপ্টেম্বর - ২৩ নভেম্বর ২০২৫
- প্রাথমিক মনোনীত তালিকা প্রকাশ : ২৭ নভেম্বর ২০২৫
- মৌখিক পরীক্ষা : ০৫-০৬ ডিসেম্বর ২০২৫
- চূড়ান্ত নির্বাচিত তালিকা প্রকাশ : ১৫ ডিসেম্বর ২০২৫
- ভর্তি ফি জমা দিয়ে ভর্তি সম্পন্ন : ১৭ ডিসেম্বর ২০২৫ - ০৯ জানুয়ারি ২০২৬

আবেদন প্রক্রিয়া:

যে কোনো ব্রাউজারের Address bar-এ <https://osapsnew.bou.ac.bd> টাইপ করে ব্রাউজ করুন অথবা www.bou.ac.bd ব্রাউজ করে OSAPS এ প্রবেশ করুন। Offered Programs সেকশন এর অধীনে Open School (OS)-এ ক্লিক করে Master of Disaster Management (MDM)-এর পাশে প্রদর্শিত Apply Now বাটনে ক্লিক করুন। Master of Disaster Management (MDM)-এ ভর্তি নির্দেশাবলি গুরুত্ব সহকারে পরে পুনরায় Apply Now বাটনে ক্লিক করুন। অনলাইন-এ আবেদন ফরমটির General Information ধাপ যথাযথভাবে পূরণ করে Next বাটনে ক্লিক করুন। Personal Information ধাপ যথাযথভাবে পূরণ করে সদ্য তোলা ফটো (300x300 JPG Format) এবং আপনার স্ক্যান করা স্বাক্ষর (300x100 JPG Format) আপলোড করে Next বাটন ক্লিক করুন। Academic Information ধাপে আপনার শিক্ষাগত যোগ্যতার তথ্য সঠিকভাবে পূরণ করুন এবং অভিজ্ঞতার তথ্য (যদি থাকে) Professional Information ধাপে সঠিকভাবে পূরণ করে Finish বাটনে ক্লিক করুন। সঠিকভাবে ফরম পূরণ শেষে আপনার মোবাইলে SMS এবং ইমেইলে Temporary User ID ও Password প্রেরণ করা হবে। Proceed to Payment বাটনে ক্লিক করার পর প্রদর্শিত Online Payment Gateway সমূহ থেকে যে কোনোটির মাধ্যমে ফি জমা দেয়া যাবে। সফলভাবে ফি জমাদান শেষে “Payment has been completed successfully!” মেসেজ প্রদর্শিত হবে এবং SMS ও ই-মেইলের মাধ্যমে অবহিত করা হবে। অনলাইন ভর্তি সংক্রান্ত আপনার যে কোনো পরামর্শ/অভিযোগের জন্য OSAPS-এর হেল্পলাইন নম্বরে অথবা ইমেইল (help.osaps@bou.ac.bd) এ অবহিত করুন। OSAPS-এর হেল্পলাইন নম্বর: ০১৬৩৫-৮৩২৮৪৫, ০১৯০৭-৪৫১৬১২ (সকাল ৮টা থেকে বিকাল ৪টা পর্যন্ত, রবিবার থেকে শুক্রবার)। প্রয়োজনে কোনো সমস্যা হলে ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে আইসিটি হেড, আইসিটি এন্ড ই-লার্নিং সেন্টার, বাউবি’তে যোগাযোগ করতে হবে।

- আবেদনপত্র যাচাই-বাছাইয়ের পর কেবলমাত্র মনোনীত প্রার্থীগণ মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বলে বিবেচিত হবেন এবং তাদের তালিকা বাউবি’র ওয়েব সাইটে দেয়া হবে। এছাড়া তাদেরকে মোবাইলে SMS এর মাধ্যমে নিশ্চিত করা হবে।
- প্রাথমিকভাবে মনোনীত ভর্তিচ্ছু শিক্ষার্থীদের Temporary User ID ও Password ব্যবহার করে প্রদর্শিত আবেদন পত্রটি প্রিন্ট করে শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্র ও নম্বরপত্রসমূহের মূলকপি, ০১ সেট ফটোকপি ও ০২ কপি পাসপোর্ট সাইজ ছবিসহ নির্দিষ্ট দিনে বাউবি, গাজীপুর ক্যাম্পাসে মৌখিক/লিখিত পরীক্ষায় উপস্থিত হতে হবে।

ফি সংক্রান্ত তথ্য:

- আবেদন ফরম ফি : ১০০০/-
- কোর্স ফি : ১০,০০০/- (প্রতি কোর্স ২৫০০/- টাকা করে ৪টি কোর্স ৪x২৫০০ টাকা মাত্র)
- রেজিস্ট্রেশন ফি : ১৫০০/-
- পরীক্ষা ফি (প্রতি সিমেন্টার) : ৩০০০/-
- প্রেজেন্টেশন ফি (৪টি কোর্স) : ৮০০/- (৪x২০০)
- একাডেমিক ক্যালেন্ডার ফি (প্রতি বছর) : ১০০/-
- ডিজিটাল আইডি কার্ড ফি : ২০০/-
- নম্বরপত্র (প্রতি সিমেন্টার) : ২০০/-
- সর্বমোট ভর্তি ফি : ১৫,৮০০/-

ক্লাস শুরু:

- ওরিয়েন্টেশন : ১৬ জানুয়ারি ২০২৬
- টিউটোরিয়াল ক্লাস : ২৩ জানুয়ারি ২০২৬

ভর্তি বিজ্ঞপ্তিতে উল্লিখিত যে কোনো তথ্য একাডেমিক কাউন্সিল সংশোধন, সংযোজন, পরিমার্জন এবং পরিবর্তন করতে পারবে।
বিশ্ববিদ্যালয় কর্তৃক গৃহীত সিদ্ধান্ত এবং সংশ্লিষ্ট বিধি-বিধান সকল আবেদনকারী শিক্ষার্থীর জন্য প্রযোজ্য হবে।

Helpline: Available Time: 8:00 am to 1:00 pm; 01635832845
Available Time: 2:00 pm to 4:00 pm; 01907451612
Email: help.osaps@bou.ac.bd

সভাপতি
ভর্তি কমিটি, এমডিএম প্রোগ্রাম
ওপেন স্কুল, বাউবি।